

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৮, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩রা জুন ১৯৯৯/২০শে জৈষ্ঠ ১৪০৬

এস, আর, ও নং ১২০-আইন/৯৯—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানী নীতি আদেশ, ১৯৯৭-২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশ এর পরিশিষ্ট-১ এর “খ শর্তযুক্ত আমদানিবোধ্য পণ্যের তালিকা শিরোনামাধীন” টেবিলের কলাম ১ এর এইচএস হেডিং নং ৮৭.০১ হইতে ৮৭.০৪ এর বিপরীতে কলাম ৪ এ “জাপান হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটোমোবাইলস এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক পরীক্ষা করিয়া তৈরীর তারিখ নির্ধারিত হইবে। অন্যান্য দেশ, যে সকল দেশ হইতে চেসিস বুক প্রকাশিত হয় না সেই সকল দেশ হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে” শব্দগুণি, দাঁড়ি ও কমা পরিবর্তে “জাপানে তৈরী গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটোমোবাইলস এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক পরীক্ষা করিয়া তৈরীর তারিখ নির্ধারিত হইবে। অন্যান্য দেশ, যে সকল দেশ হইতে চেসিস বুক প্রকাশিত হয় না সেই সকল দেশে তৈরী গাড়ী আমদানির ক্ষেত্রে” শব্দগুণি, দাঁড়ি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুর রহমান

উপ-সচিব (আমদানি)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,
ঢাকা কর্তৃক মর্দিত

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৮৪৯)

মূল্য : টাকা ১.০০